

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
বাজেট অধিশাখা
www.fid.gov.bd

নম্বর ৫৩.০০.০০০.২১২.৩১.০০১.১৭-৮০

তারিখ: ৩০ মে ২০১৭

অফিস আদেশ

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২১.০৬.২০১৬ তারিখের ৫৩.০০.০০০.২০১২.৩১.০০১.১৬-৩৩ নম্বর অফিস আদেশে গঠিত এ বিভাগের “ইনোভেশন টিম” নিম্নরূপে পূর্ণগঠন করা হলো।

| ক্রমিক | নাম | পদবি ও টিমে অবস্থান | ফোন (দাপ্তরিক ও মোবাইল) | ই-মেইল |
|--------|--------------------------|-----------------------------------|----------------------------|-----------------------|
| ১ | মোঃ নাসির উদ্দিন আহমেদ | যুগ্মসচিব ও চিফ ইনোভেশন অফিসার | ৯৫৭৬০২৫ ০১৭১৫-০৯১০৮৯ | nuahmed1965@gmail.com |
| ২ | জনাব মতিয়ার রহমান | উপসচিব ও সদস্য | ৯৫৭৪০০২ ০১৭১২-০১০২১৬ | matiar6090@gmail.com |
| ৩ | জনাব মোঃ সাঈদ কুতুব | উপসচিব ও সদস্য | ৯৫৮৪৯৬৬ ০১৭২৬-৩১৩৯৭৭ | skutubad@gmail.com |
| ৪ | জনাব মোঃ মনিরুল ইসলাম | উপসচিব ও সদস্য | ৯৫৫৯১০৯ ০১৮১৯-১৩০০২৬ | moni15412@yahoo.com |
| ৫ | জনাব সুমন আনোয়ার মাহমুদ | প্রোগ্রামার ও সদস্য | ৯৫৮৮৪৩১ ০১৬১৭-৫৪৯৪৭০ | sumon04_cse@yahoo.com |

২। ইনোভেশন টিমের কার্যপরিধি:

- (১) স্ব স্ব কার্যালয়ের সেবাপ্রদান প্রক্রিয়া এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুনগত পরিবর্তন আনয়ন;
- (২) এই সংক্রান্ত কার্যক্রমের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বৎসরের শুরুতে মাসিক সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ ও বাস্তবায়ন;
- (৩) প্রতিমাসে টিমের সভা অনুষ্ঠান, কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন;
- (৪) মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/জেলা/উপজেলা পর্যায়ে গঠিত সংশ্লিষ্ট অন্যান্য ইনোভেশন টিমের সহিত যোগাযোগ ও সমন্বয় সাধন; এবং
- (৫) প্রতি বৎসর ৩১ জানুয়ারির মধ্যে পূর্ববর্তী বৎসরের একটি পূর্ণাঙ্গ বাৎসরিক প্রতিবেদন প্রণয়ন, উহা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং স্বীয় ওয়েবসাইটে প্রকাশ করা।


৩। চিফ ইনোভেশন/ইনোভেশন অফিসারের দায়িত্ব ও কার্যাবলি:

- (১) স্ব স্ব কার্যালয়ের ইনোভেশন টিমের নেতৃত্ব প্রদান;
- (২) পরিবর্তনের রূপকার হিসেবে স্বীয় কার্যালয়ে সেবা প্রদান ও অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়ায় গুনগত পরিবর্তন আনয়নের লক্ষ্যে সৃজনশীল চর্চার সংস্কৃতি ও ক্ষেত্র গড়ে তোলা, আইসিটি ও সকল উদ্ভাবনী কার্যক্রমের ব্যাপকতা বৃদ্ধির মাধ্যমে সরকারি কাজকর্মে উদ্ভাবনকে উৎসাহিত করা, প্রয়োজনীয় প্রশিক্ষণের মাধ্যমে টিম-সদস্যগণের কর্মসম্পূর্ণতার বিকাশসাধন এবং উদ্ভাবনী মেলার প্রতিযোগিতায় অংশগ্রহণ;
- (৩) নাগরিকসেবা সহজীকরণ (service process simplification)-এর জন্য বিদ্যমান ব্যবস্থার সংস্কার সাধন এবং সিটিজেন চার্টারের যথাযথ বাস্তবায়ন;
- (৪) স্বীয় কার্যালয়ের সম্ভাব্য সকল সেবাকে ই-সেবায় রূপান্তরের সমন্বয়কের দায়িত্ব পালন এবং ই-ফাইল ব্যবস্থাপনা পদ্ধতি ও চিঠিপত্র, ডকুমেন্ট ইত্যাদি ইলেকট্রনিক পদ্ধতিতে আদান-প্রদানের ব্যবস্থা গ্রহণকে উৎসাহিতকরণ;
- (৫) স্ব স্ব কার্যালয়ের যাবতীয় তথ্যাবলীর সন্নিবেশ করে প্রতিষ্ঠানের প্রোফাইল তৈরি ও হালনাগাদ রাখার ব্যবস্থা গ্রহণ এবং কার্যালয়ের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ এবং ওয়েবসাইটে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ;
- (৬) জাতীয় আইসিটি নীতিমালায় বর্ণিত ICT Action Plan-এর যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকরণ;

অ.পৃ.দ

- (৭) স্ব স্ব কার্যালয়ের আইসিটি কার্যক্রমের বাজেট তৈরি, প্রকল্প গ্রহণ, অর্থায়নের ব্যবস্থা গ্রহণ, কার্যক্রম পর্যবেক্ষণ, অগ্রগতি মূল্যায়ন এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন;
- (৮) তথ্য অধিকার আইন অনুসারে স্ব স্ব কার্যালয়ের নির্ধারিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে সমন্বয়সাধন; এবং
- (৯) জাতীয় ই-জিফ (eGIF: e-Governance Interoperability Framework)-এর আওতায় আইসিটি কার্যক্রমকে আদর্শমানে আনয়ন (standardization) ও ইন্টারঅপারেবিলিটি নিশ্চিতকরণ।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



(মোঃ মনিরুল ইসলাম)

উপসচিব

ফোন: ৯৫৫৯১০৯

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়।
- ২। অতিরিক্ত সচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
- ৩। মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় ও প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৪। মহাপরিচালক, গভর্নেন্স ইনোভেশন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৫। যুগ্মসচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
- ৬। উপসচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
- ৭। সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। সিনিয়র সহকারী সচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
- ✓ ৯। প্রোগ্রামার, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ-ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ।
- ১০। সহকারী সচিব (সকল), ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।